ছাত্র ছাত্রীরা এই পাঠক্রম থেকে আধুনিক ভারতীয় ভাষা হিসেবে বাংলা ভাষার সাহিত্য সম্ভার সম্বন্ধে জানতে পারবে। এই পর্যায়ে বাংলা ভাষার সমৃদ্ধ ও মূল্যবান শাখা উনিশ শতকের লিরিক বা গীতিকবিতা ও গীতিকবি সম্পর্কে বিস্তৃত ধারণা পাওয়া যাবে। একইসঙ্গে বিশ শতকের আধুনিক যুগের বাংলা ছোটগল্প ও গল্পকার সম্পর্কে সম্যক জ্ঞান হবে। এই পর্বে মধুসূদন, গিরীন্দ্রমোহিনী দাসী, ঈশ্বর গুপ্ত, রঙ্গলাল, অক্ষয় কুমার বড়াল, দেবেন্দ্রনাথ সেন ও সত্যেন্দ্রনাথ দত্তের প্রতিনিধি স্থানীয় কবিতা এবং প্রভাত কুমার মুখোপাধ্যায়, তারাশঙ্কর, মানিক, বিভূতিভূষণ, শরদিন্দু, বনফুল প্রমূখ প্রখ্যাত গল্পকারদের বিখ্যাত গল্পগুলি পঠন-পাঠন এর মাধ্যমে বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদ গুলি সম্পর্কে ছাত্রছাত্রীরা জানতে পারবে। শিক্ষার্থীদের মধ্যে নান্দনিকতা ও সুষ্ঠজীবনবোধ গড়ে উঠবে।

## প্রথম সেমেস্টার

**MIL-1**

CC -3(1)

**বাংলা গীতিকবিতা ও বাংলা ছোটোগল্প**

ক. বাংলা গীতিকবিতা – (২০)

ঈশ্বরচন্দ্র গুপ্ত – পৌষপার্বণ

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় – ভারত বিলাপ

মধুসূদন দত্ত – বঙ্গভাষা

খ. বাংলা ছোটোগল্প – (২০)

প্রভাতকুমার মুখোপাধ্যায় - আদরিণী

তারাশংকর বন্দ্যোপাধ্যায় – ডাইনী

গিরীন্দ্রমোহিনী দাসী – শ্রাবণে

নবীনচন্দ্র সেন – প্রণয়োচ্ছ্বাস

অক্ষয়কুমার বড়াল - মধ্যাহ্নে

দেবেন্দ্রনাথ সেন - প্রকৃতি

সত্যেন্দ্রনাথ দত্ত – আমরা

মানিক বন্দ্যোপাধ্যায় – দুঃশাসনীয়

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় – কিন্নরদল

শরদিন্দু বন্দ্যোপাধ্যায় – অমিতাভ

বনফুল – শ্রীপতি সামন্ত

# SEMESTER- 2ND

COURSE NAME- CHHANDA O ALANKAR
COURSE CODE- BAPBNGC201

<table>
<tr><td>COURSE TYPE-C</td><td colspan="3">Course Details- CC-1 (2)</td><td colspan="2">L.T.P – 5-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 6</td><td rowspan="3">Full Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>10</td><td>--</td><td>40</td></tr>
</table>

## দ্বিতীয় সেমেস্টার

### CC -1 (2)

### ছন্দ ও অলঙ্কার

### CHHANDA O ALANKAR

সাহিত্যের অন্তর্গত কাঠামো ও সৌন্দর্যবোধের জন্য অবশ্য প্রয়োজনীয় শব্দ-ছন্দ ও অলংকারের সুষম বিন্যাস। কবিতা ছড়া ও গল্প উপন্যাসের অন্তর্গত ছন্দোস্রোত এবং অলংকারের দ্যোতনা সাহিত্যকে পাঠকের কাছে মনোগ্রাহী করে তোলে। লিখনশৈলী, কবি ও কবি প্রতিভার স্বাক্ষর বহন করে ছন্দ ও অলংকার। পাঠক্রম এর এই পর্বে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যের ছন্দের বৈচিত্র, ছন্দের উপকরণ, ছন্দের গঠন ও বৈশিষ্ট্য, ছন্দলিপিকরণ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা পাবে। অলংকারের ক্ষেত্রে, অলংকার কি ও কেন? প্রাচীন ও আধুনিক অলংকার শাস্ত্র সম্পর্কে জানবে। সংস্কৃত ইংরেজি অলংকারের সঙ্গে বাংলা অলংকারের সম্পর্ক জানবে। অলংকার নির্ণয় এবং বিভিন্ন অলংকারের সঙ্গে তুলনামূলক আলোচনার মাধ্যমে অলংকার কিভাবে সাহিত্যের বিশেষত কাব্য কবিতার ক্ষেত্রে সৌন্দর্য সম্পাদন ও অবশ্য প্রয়োজনীয় উপাদান হিসেবে কাজ করে, এ বিষয়ে শিক্ষার্থীরা বিস্তৃত জ্ঞান লাভ করবে।

## দ্বিতীয় সেমেস্টার

### CC-1 (2)

### ছন্দ ও অলংকার

**CC-1 (2) ছন্দ ও অলংকার - ৫০**

ক. বাংলা ছন্দ

ধ্বনি ও বর্ণ; অক্ষর (দল); মাত্রা (কলা); শ্বাসাঘাত(প্রস্বর); ছেদ; যতি; পর্ব; পর্বাঙ্গ; চরণ (পংক্তি); মিল।

বাংলা ছন্দের তিনরীতি - মিশ্রকলাবৃত্ত; কলাবৃত্ত; দলবৃত্ত।

ছন্দের গঠন - দ্বিপদী, ত্রিপদী, চৌপদী; পয়ার, মহাপয়ার, অমিত্রাক্ষর, মুক্তক, সনেট; গদ্যছন্দ ।

ছন্দোলিপিকরণ -

খ. বাংলা অলঙ্কার

অলঙ্কার কী এবং কেন? অলঙ্কারের শ্রেণিবিভাগ।

শব্দালঙ্কার – অনুপ্রাস; যমক; শ্লেষ; বক্রোক্তি।

অর্থালঙ্কার – উপমা; উৎপ্রেক্ষা; রূপক; অপহ্নুতি; সন্দেহ; নিশ্চয়; ব্যতিরেক; সমাসোক্তি; বিষম; অসঙ্গতি; বিরোধাভাস; ব্যাজস্তুতি, বিভাবনা।

- অলঙ্কার নির্ণয় ।

**SEMESTER- 2ND**

COURSE NAME- BENGALI COMMUNICATION
COURSE CODE- AECCB201

| COURSE TYPE- AE | Course Details- AECC-2 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## AECC-2
## BENGALI COMMUNICATION (MIL)
## (কলা, বিজ্ঞান ও বাণিজ্য শাখার সব শ্রেণির শিক্ষার্থীদের জন্য)

বিভিন্ন শাখার ছাত্র ছাত্রীরা এই পাঠক্রম থেকে বাংলা ভাষা সাহিত্য সম্পর্কে জ্ঞান লাভ করবে। এই পর্বে প্রবন্ধ পাঠ এর মাধ্যমে বোধ পরীক্ষা, কবিতার ভাব সম্বন্ধে বিশ্লেষণের মাধ্যমে উন্নত জীবন দর্শন ও নান্দনিকতার বোধ গড়ে উঠবে। ছোটগল্প গুলির নিবিড় পাঠ ও সাহিত্যমূল্য বিচারের মাধ্যমে সুষ্ঠু জীবনবোধ এবং বাংলা কথাসাহিত্য সম্পর্কে এবং উনিশ ও বিশ শতকের কবি ও লেখক সম্পর্কে সম্যক ধারণা গড়ে উঠবে। এর পাশাপাশি ইংরেজি থেকে বাংলা অনুবাদ এবং সংবাদপত্রে প্রতিবেদন রচনা করতে শিখবে ও এর মধ্যে দিয়ে ভবিষ্যৎ কর্মজীবনে ছাত্রছাত্রীরা উপকৃত হবে।

### দ্বিতীয় সেমেস্টার
### বাংলা কমিউনিকেশন
### AECCB

ভাষা অংশ (২০ নম্বর)

ক) বোধ পরীক্ষা – (১০)

১। জমীদার-বঙ্গদেশের কৃষক – বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

২। স্বদেশী সমাজ- রবীন্দ্রনাথ ঠাকুর

৩। জনগণ ও থিয়েটার- মনোরঞ্জন ভট্টাচার্য

৪। কীর্তন- দিলীপকুমার রায়

খ) সংবাদপত্রে প্রতিবেদন রচনা – (০৫)

গ) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ- (০৫)

সাহিত্য অংশ (২০ নম্বর)

ক) কবিতার ভাবসৌন্দর্য বিশ্লেষণ - (১০)

১। স্বার্থের সমাপ্তি অপঘাতে

২। আঘাত-সংঘাত মাঝে

৩। অন্ধকার গর্তে থাকে অন্ধ সরীসৃপ

৪। হে ভারত, নৃপতিরে শিখায়েছ তুমি

খ) ছোটোগল্পের সাহিত্যমূল্য বিচার - (১০)

১। পোস্টমাস্টার

২। দালিয়া

৩। দান-প্রতিদান

৪। মাল্যদান

৫। প্রথম চিঠি

❖ পাঠ্যগ্রন্থ **:** আবশ্যিক বাংলা সংকলন / বিশ্ববন্ধু ভট্টাচার্য সম্পাদিত (বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশনা)

**SEMESTER- 3RD**
**CC -1(3)**

COURSE NAME : MADHYAYUGER BANGLA PADABALI
COURSE CODE : BAPBNGC301

| COURSE TYPE-C | Course Details- CC-1 (3) | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## ।। সেমেস্টার -৩।।

### কোর কোর্স/১(৩) [CC-1 (3)]

### মধ্যযুগের বাংলা পদাবলি

### MADHYAYUGER BANGLA PADABALI

এই কোর্সের শিক্ষার্থীরা বৈষ্ণবতত্ত্ব ও দর্শন সম্পর্কে জানতে পারবে। ভারতীয় তথা বাংলা সাহিত্যে ধর্মীয় গোষ্ঠীর ঐতিহ্যগত বৈষ্ণব ও শাক্ত পদাবলী সম্পর্কে সম্যক ধারণা পাবে। ভারতীয় ভাষার অন্যান্য সাহিত্যের মত ধর্মীয় সম্প্রদায়ের সাধন সংগীত অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। এই পর্বে ছাত্রছাত্রীরা মধ্যযুগের বিশিষ্ট বৈষ্ণব কবিদের রচনা ভাব ও রূপ সম্বন্ধে অবহিত হবে। মধ্যযুগের বাংলা সাহিত্যে শ্রীচৈতন্য পূর্ব, চৈতন্য সমসাময়িক ও উত্তর-চৈতন্য বৈষ্ণব পদাবলী একটি সমৃদ্ধ শাখা। এই পর্বে শিক্ষার্থীরা বৈষ্ণব পদাবলীর সাহিত্যমূল্য এবং পরবর্তী শিল্প-সাহিত্যে পদাবলীর প্রভাব সম্পর্কে জানতে পারবে। মধ্যযুগের কাব্য-কবিতায় দেবভবনা, সমাজভাবনা ও মানব অবস্থান সহ সমসাময়িক সাহিত্যের গতি-প্রকৃতি সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করবে।

ভারতীয় শক্তি তত্ত্ব ও শাক্ত ভাবনার স্বরূপ জানা যাবে শাক্ত পদাবলীতে। বাংলা সাহিত্যের উদ্ভবের কারণ, মাতৃ ভাবনা, আগমনী-বিজয়া-ভক্তের আকুতি ইত্যাদি পর্যায়ে যে আশ্চর্য বাণী মূর্তি লাভ করেছে বিশিষ্ট শাক্ত কবি রামপ্রসাদ সেন, কমলাকান্তের রচনায় এইসব বিষয়গুলি সম্বন্ধে অবহিত হবে ছাত্রছাত্রীরা। শাক্ত কবিদের রচনা নৈপুণ্য এবং অষ্টাদশ শতকের বিপন্ন সমাজ ও সংস্কৃতির পরিচয় জানা যাবে এই কোর্সে।

তৃতীয় সেমেস্টার

CC-1 (3)

**মধ্যযুগের বাংলা পদাবলি - ৫০**

ক। বৈষ্ণব পদাবলী (ক. বি প্রকাশিত)

আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ; নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে; ঘরের বাহিরে দণ্ডে শতবার ; যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু জ্যোতি ; রূপ লাগি আঁখি ঝুরে ; হাথক দরপণ মাথক ফুল; মন্দির বাহির কঠিন কপাট ; কুল মরিয়াদ কপাট উদ্ঘাটলু ; এ সখি হামারি দুখের নাহি ওর; অব মথুরাপুর মাধব গেল; তাতল সৈকত বারি বিন্দু সম; বহুদিন পরে বঁধুয়া এলে ।

খ। শাক্ত পদাবলি – অমরেন্দ্রনাথ রায় সম্পাদিত (ক.বি)

গিরি এবার আমার উমা এলে ; আমি কি হেরিলাম নিশি স্বপনে ; গিরি গৌরী আমার এসেছিল; কবে যাবে গিরিরাজ গৌরীরে আনিতে; ছিলাম ভালো জননী গো হরেরই ঘরে ; গিরিরাজ হে, জামায়ে এনো মেয়ের সঙ্গে; অরে নবমী নিশি না হইয়ো রে অবসান; যেও না রজনী আজি লয়ে তারাদলে ; ভবের আশা খেলব পাশা; মা আমায় ঘুরাবে কত; কেবল আসার আশা ভবে আসা ।

**SEMESTER- 3RD**

**SKILL ENHANCEMENT COURSE (SEC)**

COURSE NAME- RACHANA SHAKTIR NOIPUNYA

COURSE CODE- BAPBNGSE301

| COURSE TYPE-SE | Course Details- SEC-1 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## তৃতীয় সেমেস্টার
## SEC-1 (Skill Enhancement Course)
## ভাষাবোধ ও রচনাশক্তির দক্ষতা বৃদ্ধির পাঠক্রম
## রচনাশক্তির নৈপুণ্য
## RACHANA SHAKTIR NOIPUNYA

এই পাঠক্রমে ছাত্রছাত্রীরা সৃষ্টিশীল ও মৌলিক রচনাচর্চা করতে শিখবে। বিভিন্ন ধরনের ব্যক্তিগত, ব্যবহারিক এবং প্রাতিষ্ঠানিক পত্র রচনায় পারদর্শী হবে। সংবাদপত্রে প্রতিবেদন রচনা শিক্ষার মধ্যে ভবিষ্যতে সাংবাদিকতার অ আ ক খ শিখবে। অনুচ্ছেদ রচনা করতে পারবে যে কোন বিষয়ে। ভাবার্থ, ভাব-সম্প্রসারণ রচনার মধ্যে দিয়ে চিন্তা শক্তি ও ভাষাবোধ বুদ্ধিতে ছাত্রছাত্রীরা সমৃদ্ধ হবে।

তৃতীয় সেমেস্টার

**কোর্স / ১** (SEC-1) **রচনাশক্তির নৈপুণ্য - ৫০**

ক. ব্যক্তিগত, আনুষ্ঠানিক ও প্রাতিষ্ঠানিক পত্র

খ. সংবাদ পত্রে প্রকাশের উপযোগী প্রতিবেদন রচনা

গ. অনুচ্ছেদ রচনা এবং ভাবসংক্ষেপ রচনা

ঘ. কবিতার ভাবার্থ ও ভাব-সম্প্রসারণ রচনা

**SEMESTER- 3RD**
**MIL-II**

COURSE NAME- KAZI NAZRUL ISLAMER KOVITA O UPANYAS
COURSE CODE- MILCB301

| COURSE TYPE-C | Course Details- CC-3(3) | | | L-.T-.P :5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit –6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## তৃতীয় সেমেস্টার
## MIL-II
## CC-3(3)
## কাজী নজরুল ইসলামের কবিতা ও উপন্যাস
## KAZI NAZRUL ISLAMER KAVITA O UPANYAS

বিশ শতকের রবীন্দ্রোত্তর কবিদের মধ্যে অগ্র-পথিক কাজী নজরুল ইসলাম। প্রথম বিশ্বযুদ্ধোত্তর যুগে যুবমানসের আশা-আকাঙ্ক্ষা, হতাশা, বিদ্রোহ যেভাবে কাব্য মূর্তি লাভ করেছে নজরুল ইসলামের অগ্নিতুল্য লেখনীতে, সে সম্পর্কে অবহিত করা হলো এই কোর্সের লক্ষ্য। কবি নজরুল শুধু বিদ্রোহী, বিপ্লবী, প্রতিবাদী নন তাঁর মধ্যে রোমান্টিক প্রেমচেতনা ও প্রকৃতি চেতনার পরিচয় পাওয়া যাবে তাঁর নির্বাচিত কবিতাগুলি থেকে। অন্যদিকে সৈনিক কবি প্রথম বিশ্বযুদ্ধে যোগদান করেও তাঁর লেখক সত্তাকে বজায় রেখেছেন , তার নির্ভুল সাক্ষর 'বাঁধনহারা' উপন্যাসটি।

### তৃতীয় সেমেস্টার

### MILL-II

### কাজী নজরুল ইসলামের কবিতা ও উপন্যাস

**মোট নম্বর - ৫০**
**(লিখিত - ৪০ এবং অভ্যন্তরীণ মূল্যায়ন - ১০)**

ক. সঞ্চিতা (নির্বাচিত কবিতা) – (২০)
বিদ্রোহী, অভিশাপ, নারী (সাম্যবাদী), ফরিয়াদ, আমার কৈফিয়ৎ, কাণ্ডারী হুঁশিয়ার, গোপন প্রিয়া, চাঁদনী রাতে, বাতায়ন পাশে গুবাক তরুর সারি, জীবন বন্দনা।
খ. বাঁধনহারা (উপন্যাস) – (২০)

**SEMESTER- 4TH**
**CC-1 (4)**
COURSE NAME- RABINDRANATHER KAVITA EBONG ADHUNIK BANGLA KAVITA
COURSE CODE- BAPBNGC401

<table>
<tr><td>COURSE TYPE-C</td><td colspan="3">Course Details- CC-1(4)</td><td colspan="2">L.T.P – 5-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 6</td><td rowspan="3">Full Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>10</td><td>--</td><td>40</td></tr>
</table>

## ।। সেমেস্টার -৪ ।।

### কোর কোর্স/১(৪) [CC-1(4)]
### রবীন্দ্রনাথের কবিতা এবং আধুনিক বাংলা কবিতা
### RABINDRANATHER KAVITA EBONG ADHUNIK BANGLA KAVITA

পাঠক্রমের এই পর্বে শিক্ষার্থীরা বিশ্বকবি রবীন্দ্রনাথের উনিশ ও বিশ শতকের উল্লেখযোগ্য কবিতাগুলির নিবিড় পাঠ ও বিশ্লেষণ করতে পারবে। রবীন্দ্রনাথের কবিতা বাংলা ও ভারত বর্ষের সীমানা ছাড়িয়ে বিশ্বসাহিত্যে উজ্জ্বল মহিমায় স্থান করে নিয়েছে। এই কোর্সে রবীন্দ্র কবিমানসের সূচনা পর্ব থেকে পরিণতি পর্ব পর্যন্ত একটা ধারাবাহিক ইতিহাসের দিকচিহ্ন দেওয়া হয়েছে। রবীন্দ্রজীবনদর্শন, প্রকৃতিপ্রীতি, ঐতিহ্যপ্রীতি, মানবমহিমা এবং নানা তত্ত্ব দর্শনের কাব্যরূপ পাওয়া যাবে নির্বাচিত এই কবিতাগুলি থেকে।

এছাড়াও এই পর্বে বিন্যস্ত হয়েছে রবীন্দ্রোত্তর আধুনিক কবিতার ধারাটি। প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী ও দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর রবীন্দ্র পরবর্তী যে কবিকুল আধুনিক কবিতার আঙ্গিনায় স্বতন্ত্র এবং বিচিত্র ভাবনা ও আঙ্গিক এনেছেন তার বিস্তৃত পরিচয় পাওয়া যাবে এই পর্বে। শুধু নতুন ভাবনা বা নতুন সুর নয়, শব্দ ছন্দ অলঙ্কারেও যে বিপুল পরিবর্তন এসেছে রবীন্দ্রোত্তর আধুনিক বাঙালি কবিদের কাব্য প্রচেষ্টায় সে সম্পর্কে শিক্ষার্থীরা সম্যক জ্ঞান লাভ করবে। জীবনানন্দ দাশ থেকে কবি শঙ্খ ঘোষ পর্যন্ত এই কবিতাযাত্রায় ছাত্রছাত্রীরা একদিকে যেমন আধুনিক দেশ-কাল বিশ্বসাহিত্যের অনুষঙ্গ পাবে তেমনি নিঃসঙ্গতা বা এলিয়েনেশন এবং সামাজিকতা এই দুটি রবীন্দ্র পরবর্তী

কবিতা ভাবনার সঙ্গে নিবিড় পরিচয় লাভ করবে। কবি এবং কবিতার প্রেক্ষাপট থেকে শিক্ষার্থীরা যুগ মানসকে, যুগের আশা-আকাঙ্ক্ষা হতাশা ও উজ্জীবন সম্পর্কে জানতে পারবে।

**চতুর্থ সেমেস্টার**

CC-1 (4)

**রবীন্দ্রনাথের কবিতা এবং আধুনিক বাংলা কবিতা -৫০**

ক. সঞ্চয়িতা – রবীন্দ্রনাথ ঠাকুর

নির্ঝরের স্বপ্নভঙ্গ; বিদায় অভিশাপ; দুই পাখি ; বৈষ্ণব কবিতা; ব্রাহ্মণ ; বলাকা ; কৃপণ; হারিয়ে যাওয়া ।

খ। আধুনিক কবিতা সঞ্চয়ন ( বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত)

বনলতা সেন - জীবনানন্দ দাশ; মানুষ - কাজী নজরুল ইসলাম; সংগতি - অমিয় চক্রবর্তী; হারিয়ে - প্রেমেন্দ্র মিত্র; একখানা হাত - বুদ্ধদেব বসু ; উলঙ্গ রাজা - নীরেন্দ্রনাথ চক্রবর্তী; প্রিয়তমাসু - সুকান্ত ভট্টাচার্য; বাবরের প্রার্থনা - শঙ্খ ঘোষ ।

**SEMESTER- 4TH**
**SEC - 2**
**SKILL ENHANCEMENT COURSE (SEC)**
**BHASHABODH O RACHANASAKTIR DAKHATA BRIDDHIR PATHACROM**

COURSE NAME- BANGLA VYAKARANA
COURSE CODE- BAPBNGSE401

| COURSE TYPE-SE | Course Details- SEC-2 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## চতুর্থ সেমেস্টার

## SEC-2

## ভাষাবোধ ও রচনাশক্তির দক্ষতা বৃদ্ধির পাঠক্রম

## বাংলা ব্যাকরণ

## BANGLA VYAKARANA

পাঠক্রম এর এই পর্বে শিক্ষার্থীরা বাংলা ভাষার ব্যাকরণ সম্পর্কে জ্ঞান লাভ করবে। বাংলা ভাষার ভিত্তি, বাংলা ব্যাকরণ এর উপযোগিতা সম্পর্কে অবহিত হবে। বর্ণ-ধ্বনি-বাগযন্ত্র, বাংলা ধ্বনির উচ্চারণ তত্ত্ব, ধ্বনি পরিবর্তনের কারণ ও প্রকৃতি সম্পর্কে সম্যক ধারণালাভ করবে। এছাড়াও পদের শ্রেণীবিভাগ, শব্দের শ্রেণীবিভাগ, কারক, সমাস, সন্ধি, প্রবাদ-প্রবচন ও বাগধারা যা বাংলা ভাষার নিজস্ব সম্পদ এই সব বিষয় চর্চার মাধ্যমে বাংলা ভাষা সম্পর্কে শিক্ষার্থীরা বিস্তৃত জ্ঞান লাভ করবে।

**চতুর্থ সেমেস্টার**

SEC - 2

**কোর্স / ২ (SEC-2) বাংলা ব্যাকরণ -৫০**

ক. বর্ণ ও ধ্বনি ; ধ্বনি পরিবর্তন; বাগযন্ত্র ও বাংলা ধ্বনি গুলির উচ্চারণ তত্ত্ব; অপিনিহিতি; অভিশ্রুতি; স্বরসংগতি; সমীভবন; তালব্যীভবন; স্বতোনাসিক্যীভবন।

খ. পদের শ্রেণিবিভাগ; কারক- বিভক্তি; সমাস; সন্ধি; শব্দের শ্রেণিবিভাগ; ছেদ ও যতির ব্যবহার; পদ পরিবর্তন; প্রবাদ প্রবচন ও বাগধারা।

**SEMESTER- 5TH**

**DISCIPLINE SPECIFIC ELECTIVE COURSE**

DSEC - 2 (1)

COURSE NAME- BANGLA UPANYAS

COURSE CODE- BAPBNGDSE501

| COURSE TYPE- DSE | Course Details- DSEC-2 (1) | | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | | ESE Marks | |
| | | Practical | Theoretical | | Practical | Theoretical |
| | | -- | 10 | | -- | 40 |

## ।। সেমেস্টার -৫।।

## Discipline Specific Elective Course

## ।। বাংলা স্নাতক ঐচ্ছিক পাঠক্রম ।।

## DSE-2 (1)

## বাংলা উপন্যাস

## (BANGLA UPANYAS)

বাংলা সাহিত্যের বিশিষ্ট শাখা উপন্যাস আধুনিক যুগের সৃষ্টি। উনিশ শতকে বঙ্কিমচন্দ্রের হাতে যথার্থ উপন্যাসের সূচনা। পরবর্তীকালে রবীন্দ্রনাথ এবং শরৎচন্দ্রের হাতে উপন্যাসের নানা বিবর্তনের মাধ্যমে বিশ শতকের ঔপন্যাসিকদের লেখনীতে বাংলা উপন্যাস শুধু বাংলা বা ভারতীয় সাহিত্যেই নয় বিশ্ব সাহিত্যেও বিশিষ্ট স্থান নির্দিষ্ট করেছে। এই কোর্সের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যের সমৃদ্ধ শাখা উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য, শ্রেণীবিভাগ সম্পর্কে জানতে পারবে। বাংলা উপন্যাসের জন্মলগ্ন থেকে বিশ শতকের মধ্যবর্তী সময় পর্যন্ত ধারাবাহিক ইতিহাস জানতে পারবে। বাংলা উপন্যাসের সঙ্গে তুলনামূলক আলোচনা, পাশ্চাত্য উপন্যাসের রূপরেখা সম্পর্কেও ধারণা হবে। আধুনিক যুগের বাংলা উপন্যাসে সমাজ-বাস্তবতা, স্থানীয় পরিবেশ, বিচিত্র চিত্রায়ন, উপন্যাসিকের জীবনদর্শন, গদ্যশৈলী, রচনারীতির নৈপুণ্য এবং বাংলার জীবন রীতির পরিচয় সুস্পষ্ট হবে এই পর্বে। সামাজিক জটিলতা, মনস্তাত্ত্বিক বিশ্লেষণ, যুগ সংকট, যুদ্ধোত্তর মানসিকতা, নাগরিক ও গ্রামীণ সমাজ ইত্যাদি চর্চার মাধ্যমে উপন্যাস-পাঠের তাৎপর্য শিক্ষার্থীর কাছে ধরা পড়বে। জীবনের জটিল গতিপ্রকৃতি, চিন্তাভাবনার প্রসারতা ও সীমাবদ্ধতা সম্পর্কে জানতে পারবে শিক্ষার্থীরা। সামন্ততন্ত্র ও পরবর্তীকালে ধণতন্ত্র তত্ত্বের সঙ্গে উপন্যাসের কাল চেতনা সম্পর্কে জানা যাবে। এই

পর্বে উপন্যাস পাঠের মাধ্যমে আধুনিক জীবন চেতনা ও চিরায়ত জীবনবোধে সমৃদ্ধ হবে শিক্ষার্থীদের মন। এই উপন্যাস গুলি পাঠের মাধ্যমে আদর্শবাদের সঙ্গে ভোগবাদের দ্বন্দ্ব কোথায় সে সম্পর্কে ধারণা হবে। উনিশ ও বিশ শতকের বিশিষ্ট দু'জন উপন্যাসিকের উপন্যাস পাঠের মাধ্যমে উপন্যাসের নানা অভিমুখ, উপন্যাসের ভাষারীতি, নির্মাণ শিল্প এবং শাশ্বত জীবনবোধের ধারণা লাভ করবে ছাত্রছাত্রীরা।

**পঞ্চম সেমেস্টার**

DSEC - 2 (1)

**কোর্স/১ বাংলা উপন্যাস - ৫০**

ক. দেবী চৌধুরাণী – বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

খ. পল্লীসমাজ – শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

**SEMESTER- 5TH**

**DISCIPLINE SPECIFIC ELECTIVE COURSE**

DSEC - 2 (2)

COURSE NAME- CHHOTOGALPO O PRABANDHA

COURSE CODE- BAPBNGDSE502

| COURSE TYPE-DSE | Course Details- DSEC-2 (2) | | | | L.T.P – 5-1-0 |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**DSE-2 (2)**

**ছোটোগল্প ও প্রবন্ধ**

**(CHHOTOGALPO O PRABANDHA)**

বাংলা সাহিত্যের একটি সমৃদ্ধ শাখা ছোটগল্প যা বিশ্বসাহিত্যের যুগান্তরকারী ছোটগল্পের সঙ্গে তুলনীয়। এই কোর্সে শিক্ষার্থীরা ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে জানবে। ছোটগল্পের উদ্ভব, বৈচিত্র্য, তত্ত্ব, নির্মাণশিল্প সম্পর্কে অবহিত হবে। ছোটগল্পের সমাজ ভাবনা ও চিরায়ত আবেদন সম্পর্কে জানবে। আধুনিককালের ছোটগল্পে সমসাময়িক যুগলক্ষণ,

যুগের বিপন্নতা, যুগযন্ত্রণা ও সংকটের ছবিটি বিস্তৃত ভাবে জানতে পারবে শিক্ষার্থীরা। রবীন্দ্রপরবর্তী উত্তর-ঔপনিবেশিক যুগের লক্ষণ চিনতে পারবে ছোটগল্প চর্চার মাধ্যমে। চেতনাপ্রবাহ, ধর্মীয় মনঃসমীক্ষণ মূলক কথাসাহিত্যের সঙ্গে ছাত্র-ছাত্রীদের পরিচয় ঘটবে। বিভূতিভূষণ, তারাশঙ্কর থেকে সুবোধ ঘোষ, নরেন্দ্রনাথ মিত্র, নারায়ন গঙ্গোপাধ্যায়, সমরেশ বসু পর্যন্ত আধুনিক গল্পকারদের গল্পে জীবন ভাবনা, বিশিষ্ট সমাজ ভাবনা, মানবিক মূল্যবোধ ও তার অবক্ষয় যেভাবে চিত্রিত হয়েছে তার পরিচয় পাবে। বাংলা সাহিত্যের আন্তর্জাতিক মানের ছোটগল্প ও ছোটগল্পকারদের সঙ্গে পরিচয় করার জন্য এই কোর্সের বিষয়টি সংযুক্ত করা হয়েছে।

অন্যদিকে, বাংলা সাহিত্যের মননশীল শাখা প্রবন্ধ-নিবন্ধের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার জন্য এই কোর্সটি রাখা হয়েছে। এই পর্বে শিক্ষার্থীরা উনিশ ও বিশ শতকের প্রবন্ধের ইতিহাস জানতে পারবে। বঙ্কিমচন্দ্র থেকে প্রমথ চৌধুরী, অন্নদাশঙ্কর রায়, মীর মোশারফ হোসেন এবং অবনীন্দ্রনাথ ঠাকুর পর্যন্ত প্রবন্ধের ধারাবাহিকতা একদিকে যেমন ঊনিশ শতকীয় মূল্যবোধ অন্যদিকে আধুনিক সমাজ ভাবনা , হিন্দু-মুসলমান সম্পর্ক এবং বাংলার ঐতিহ্যকে চিহ্নিত করছে। শিক্ষার্থীরা এই পর্বে উনিশ-বিশ শতকের প্রবন্ধ রচনার বৈশিষ্ট্য ও গদ্যশৈলী সম্পর্কে অবগত হবে। উনিশ ও বিশ শতকের সমাজভাবনা, সামাজিক ও পারিবারিক রীতিনীতি, নব্য শিক্ষিত বাংলার যুবমানস, সমকালের বাংলার দুরবস্থা ও রাজনীতি সম্পর্কে ধারণা হবে এই কোর্সে। সমাজ, সংস্কৃতি ও সাহিত্য বিষয়ক প্রবন্ধ রচনা শিক্ষাও এই কোর্সের লক্ষ্য যা পরবর্তীকালে ছাত্র ছাত্রীদের মধ্যে মননশীলতা ও বিচার বিশ্লেষণ করার ক্ষমতা সৃষ্টি করবে।

পঞ্চম সেমেস্টার

DSEC - 2 (2)
বাংলা স্নাতক ঐচ্ছিক পাঠক্রম

**কোর্স / ২ ছোটোগল্প ও প্রবন্ধ -৫০**

ক. ছোটগল্প

একালের গল্প - বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত।

(নির্বাচিত গল্প) – পুঁইমাচা - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়; জলসাঘর- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, প্রাগৈতিহাসিক – মানিক বন্দ্যোপাধ্যায়; ফসিল - সুবোধ ঘোষ; রস - নরেন্দ্রনাথ মিত্র; টোপ - নারায়ণ গঙ্গোপাধ্যায়; আদাব – সমরেশ বসু।

খ। প্রবন্ধ –

বাংলা প্রবন্ধ - বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত।

(নির্বাচিত প্রবন্ধ) লোকশিক্ষা – বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ; আমাদের ভাষা সঙ্কট- প্রমথ চৌধুরী ; পারিবারিক নারী সমস্যা – অন্নদাশঙ্কর রায় ; সৎ প্রসঙ্গ- মীর মশাররফ হোসেন ; বাংলার ব্রত – অবনীন্দ্রনাথ ঠাকুর

(দুটি কোর্সের মধ্যে যেকোন একটি নিতে হবে । প্রতিটি কোর্সের পূর্ণমান -৫০(৪০লিখিত এবং অভ্যন্তরীণ মূল্যায়ন-১০)

**SEMESTER- 5TH**
**SKILL ENHANCEMENT COURSE (SEC)**
SEC - 3
COURSE NAME- VYAVAHARIK BANGLA-CHARCHA
COURSE CODE- BAPBNGSE501

| COURSE TYPE-SE | Course Details- SEC-3 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**পঞ্চম সেমেস্টার**

**ভাষাবোধ ও রচনাশক্তির নৈপুণ্য বৃদ্ধির পাঠক্রম**

SEC-3

**ব্যবহারিক বাংলাচর্চা**

**(VYAVAHARIK BANGLA-CHARCHA)**

এই কোর্সের উদ্দেশ্য হ'ল ছাত্র-ছাত্রীদের কর্মক্ষেত্রে ব্যবহারিক বাংলা প্রয়োগ শিক্ষা। শিক্ষার্থীরা এই পর্বে বিজ্ঞাপন সম্পর্কে জানবে, বিজ্ঞাপনের উপকারিতা সম্পর্কে অবহিত হবে। বিজ্ঞাপনের কাজের খুঁটিনাটি সম্পর্কে জ্ঞান লাভ

করবে এবং বিভিন্ন ধরনের বিজ্ঞাপনের খসড়া রচনা করতে শিখবে। এছাড়া ছাপার কাজের কৌশল শিখবে। প্রুফ সংশোধনের নিয়মাবলী সম্পর্কে অবহিত হবে। আদর্শ ও দক্ষ প্রুফরিডার হওয়ার গুণ গুলি সম্বন্ধে সম্যক ধারণা লাভ করবে। অন্যদিকে এই কোর্সের মাধ্যমে সংবাদপত্রে প্রতিবেদন লিখতে শিখবে। এই বিষয়গুলি ভবিষ্যৎ কর্মক্ষেত্রে বাংলা বিদ্যাচর্চার মাধ্যমে বিজ্ঞাপন দুনিয়া, গ্রন্থ-প্রকাশন জগৎ এবং সংবাদপত্রের বিস্তৃত পরিসরে শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা এবং সৃজনশীলতা বৃদ্ধিতে যথেষ্ট সহায়ক হবে। এছাড়াও এই কোর্সে আদর্শ শুদ্ধ বাংলা বানানবিধি সম্পর্কে সম্যক ধারণা হবে। পাশাপাশি সরকারি ও আইন-আদালত, বাণিজ্যিক এবং প্রশাসনিক বাংলা পরিভাষা শিখতে পারবে এই কোর্সের মাধ্যমে। এগুলি ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ কর্মজীবনে সাহায্য করবে।

## পঞ্চম সেমেস্টার

**কোর্স / ১ (SEC-3) ব্যবহারিক বাংলাচর্চা - ৫০**

ক. বিজ্ঞাপনের খসড়া রচনা

খ. প্রুফ সংশোধন

গ. বানান বিধি সম্পর্কে ধারণা (প. ব. বাংলা আকাদেমি অনুসরণে)

ঘ. পরিভাষা (আবশ্যিক বাংলা – বিশ্ববন্ধু ভট্টাচার্য সম্পাদিত/ বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত)

**SEMESTER- 5TH**
**SKILL ENHANCEMENT COURSE**
SEC-3
COURSE NAME- ANUBAD-CHARCHA (ENGREJI THEKE BANGLA)
COURSE CODE- BAPBNGSE502

| COURSE TYPE-SE | Course Details- SEC-3 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## পঞ্চম সেমেস্টার

## SEC-3

## অনুবাদচর্চা (ইংরেজি থেকে বাংলা)

## ANUBAD-CHARCHA (ENGREJI THEKE BANGLA)

এই কোর্সের মাধ্যমে ছাত্রছাত্রীরা অনুবাদ কী, অনুবাদের স্বরূপ ও প্রকারভেদ সম্পর্কে জানবে। অনুবাদের গুরুত্ব বৈশিষ্ট্য ও উপযোগিতা সম্পর্কে ধারণা হবে। বহুকাল থেকেই বাংলা সাহিত্যে অনুবাদ-চর্চা একটি বিশিষ্ট শাখা হিসেবে গড়ে উঠেছে। সংস্কৃত, আরবি, ফার্সি, ইংরেজি, ফরাসি, জার্মানি, রুশ ভাষা থেকে বাংলায় অনুবাদ হয়েছে। এই কোর্সে শুধু ইংরেজি থেকে বাংলায় অনুবাদ এর রীতি প্রকৃতি ও পদ্ধতি সম্পর্কে জানতে পারবে। মূল পাঠের আক্ষরিক অনুবাদের সঙ্গে ভাবানুবাদের রীতি-পদ্ধতিও জানবে। অর্থাৎ মূলানুগ ও ভাবানুবাদ উভয় ধরনের অনুবাদ করতে শিখবে ছাত্রছাত্রীরা। এই কোর্সটি তাদের প্রাত্যহিক ও ব্যবহারিক জীবন ও জগতের নানা ক্ষেত্রে কাজে লাগবে। শিক্ষার্থীদের বিভিন্ন কর্মক্ষেত্রে জীবিকা অর্জনে সাহায্য করবে অনুবাদের দক্ষতা থাকলে।

পঞ্চম সেমেস্টার

SEC-3

**কোর্স / ২ অনুবাদচর্চা (ইংরেজি থেকে বাংলা) - ৫০**

ক. অনুবাদতত্ত্ব

খ. মূলানুগ অনুবাদ

গ. ভাবানুবাদ

**(SEC দুটি কোর্সের মধ্যে যে-কোনো একটি নিতে হবে।** প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০ (৪০+১০)

**SEMESTER- 5TH**

Generic Elective Course

GEC-1

COURSE NAME- PRABANDHA O NIRBACHITA GALPO

COURSE CODE- BAPBNGGE501

| | | | | | |
|---|---|---|---|---|---|
| COURSE TYPE-GE | Course Details- GEC-1 | | | L.T.P – 5-1-0 | |
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**পঞ্চম সেমেস্টার**

**GEC-1**

**প্রবন্ধ ও নির্বাচিত গল্প**

**PRABANDHA O NIRBACHITA GALPO**

বাংলা মননশীল সাহিত্য ধারায় প্রবন্ধ-নিবন্ধ উল্লেখযোগ্য শাখা। এই পর্বে শিক্ষার্থীরা দু'জন দিকপাল প্রাবন্ধিকের প্রবন্ধচর্চার মাধ্যমে প্রবন্ধের বৈচিত্র, স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকীয় প্রবন্ধে বঙ্কিমচন্দ্র রঙ্গ-ব্যাঙ্গের মাধ্যমে সামাজিক অসঙ্গতি, সাম্যভাবনা, জীবনদর্শনের যে অসামান্য পরিচয় রেখে গেছেন শিক্ষার্থীরা সে সম্বন্ধে সম্যক ধারণা পাবে। একই সঙ্গে রবীন্দ্রনাথের বিশশতকীয় প্রবন্ধচিন্তায় অনেকখানি ব্যক্তিগত পরিসরে, নিজস্ব ভঙ্গিতে ফুটে উঠেছে মহাকাব্য-সমালোচনা এবং সাহিত্য কী, সাহিত্যের তাৎপর্য কী এবং সাহিত্যের উদ্দেশ্যই বা কী সে-সম্পর্কে তাঁর বিশিষ্ট অভিমত। অত্যন্ত প্রাঞ্জল গদ্যে এখানে প্রাবন্ধিকের সঙ্গে কবিও মাঝে উঁকি দিয়ে গেছেন। এই কোর্সের ছাত্র-ছাত্রীদের বাংলার বিশিষ্ট চিন্তা নায়কদের ভাবনার সঙ্গে পরিচিতি দেওয়াই মুখ্য উদ্দেশ্য।

এছাড়াও এই পর্বে শিক্ষার্থীরা ছোটগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে অবহিত হবে। রবীন্দ্র যুগের অন্যতম শ্রেষ্ঠ কথা সাহিত্যিক তথা ছোটগল্পকার প্রভাতকুমার মুখোপাধ্যায় এবং শরৎচন্দ্রের বিশিষ্ট কয়েকটি ছোটগল্পের পঠন-পাঠনের মাধ্যমে বাংলা ছোটগল্পের বৈচিত্র, সমাজ-ভাবনা, সমকালীন যুগপরিবেশ সম্পর্কে ছাত্রছাত্রীরা জানতে পারবে।

প্রভাতকুমার মুখোপাধ্যায়-এর করুন মধুর গল্পগুলিতে বাঙালি সমাজ ও ব্যাক্তিজীবন, মনুষ্যত্বের পরিচয় প্রাঞ্জল ভাষায় ও কৌতুক- প্রসন্ন ভঙ্গিতে পাওয়া যায়, ছাত্রছাত্রীরা এ সম্পর্কে জানবে এবং বাংলা ছোটগল্পের বিশিষ্ট ধারাটির পরিচয় পাবে। একইসঙ্গে মানবদরদী লেখক তথা কথাসাহিত্যিক শরৎচন্দ্রের রোমান্টিকচেতনা ও সমাজ বাস্তবতার পরিচয় পাবে, ছাত্রছাত্রীরা তাঁর বিশিষ্ট নির্বাচিত গল্পগুলির মাধ্যমে। উভয় ছোটগল্পকারের রচনাশৈলী, সমাজভাবনা এবং জীবন-দর্শনের বিস্তৃত পরিসর সম্বন্ধে অবহিত হবে শিক্ষার্থীরা। বাংলা ছোটগল্পের আন্তর্জাতিক সমৃদ্ধি সম্বন্ধে তাদের সম্যক ধারণা হবে।

**কোর্স / ১ (GE-1) প্রবন্ধ ও নির্বাচিত গল্প - ৫০**

ক. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় – মানুষ্যফল, বসন্তের কোকিল, বিড়াল

রবীন্দ্রনাথ ঠাকুর – কাব্যের উপেক্ষিতা, সাহিত্যের সামগ্রী, সাহিত্যের উদ্দেশ্য

খ. প্রভাতকুমার মুখোপাধ্যায় – বাজীকর, ভিখারী সাহেব, রসময়ীর রসিকতা

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় – মন্দির, অভাগীর স্বর্গ, মহেশ

**SEMESTER- 5TH**

Generic Elective Course

GEC - 1

COURSE NAME- ALOUKIK GOLPO O KALPA KAHINI

COURSE CODE- BAPBNGGE502

| COURSE TYPE- GE | Course Details- GEC-1 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## GEC-1
## অলৌকিক গল্প ও কল্পকাহিনি (ফ্যান্টাসি)
## ALOUKIK GOLPO O KALPAKAHINI

বাংলা সাহিত্যের মূল ধারা গুলির সঙ্গে অন্য ধারার গল্প-উপন্যাসের প্রাচুর্য লক্ষ্য করা যায়। এগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো অলৌকিক গল্প এবং কল্পকাহিনী। এই পর্বে রবীন্দ্রনাথ, পরশুরাম , শরদিন্দু এবং সত্যজিৎ রায়ের অলৌকিক গল্প গুলি শিক্ষার্থীদের মধ্যে কল্পনাশক্তি বা ইমাজিনেশন বাড়াতে সাহায্য করবে। কেবলমাত্র সামাজিকতা, পারিবারিক কথা, রাজনীতি , গভীর মনোসমীক্ষণ বাস্তবতা , জীবন সংগ্রাম ইত্যাদি গুরুতর ভাবনার পাশাপাশি অবস্থান করেছে এক অলৌকিক কল্পজগত। কঠিন বাস্তবতার মধ্যেও এই জগৎ উঁকি দিয়ে যায়। অনুভূতি প্রবন মন কখনো কখনো

সেই জগতকে ছুঁয়ে ফেলে, প্রবেশ করে এক অচেনা জগতে , সেখানে হয়তো থাকে প্রাচীন ইতিহাসের ধূসরতা , জন্মান্তর প্রসঙ্গ , থাকে এই জীবনেই অন্য জীবনের ছায়াপাথ অথবা ভৌতিক পরিবেশ। কখনো আবার ফ্যান্টাসি রচনা করতে চায় মন , অলৌকিক কান্ড কারখানার কথা বিশ্বাস করতে চায় এই যুক্তিবাদী আধুনিক মনের মানুষরাও। একটা রহস্যময় ছায়াময় মায়াময় কুহেলিকা ছড়িয়ে পড়তে চাই কখনো। মানব মনের এই অর্ধচেতন অবস্থায় এই ধরনের কল্পকাহিনী অলৌকিক গল্প বা ফ্যান্টাসির উর্বর ভূমি। বাংলা সাহিত্যের প্রথিতযশা সাহিত্যিকরা যেমন অলৌকিক গল্প লিখেছেন তেমনি ফ্যান্টাসি বা কল্পকাহিনী লিখেছেন শীর্ষেন্দু মুখোপাধ্যায় ও বিমল কর । এ সম্পর্কে এই পর্বে শিক্ষার্থীরা সম্যক অবহিত হবে। তারা বাংলা সাহিত্যের বিস্ময় রস ও অদ্ভুত রস সম্পর্কে ধারণা লাভ করবে। কল্পনা শক্তির চর্চায় রচনা নৈপুণ্য বৃদ্ধি পাবে।

## পঞ্চম সেমেস্টার

## জেনেরিক ইলেকটিভ কোর্স

## GEC - 1

**কোর্স / ২ (GE - 2 ) অলৌকিক গল্প ও কল্পকাহিনি (ফ্যান্টাসি) - ৫০**

ক. কর্তার ভূত – রবীন্দ্রনাথ ঠাকুর
ভুশন্ডীর মাঠে – পরশুরাম
মায়া কুরঙ্গী – শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
খগম্ - সত্যজিৎ রায়

খ. মনোজদের অদ্ভুত বাড়ি – শীর্ষেন্দু মুখোপাধ্যায়
অলৌকিক – বিমল কর

**(GE দুটি কোর্সের মধ্যে যে-কোনো একটি নিতে হবে।** প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০ (৪০+১০)

**SEMESTER- 6TH**

**DISCIPLINE SPECIFIC ELECTIVE COURSE (DSE)**

DSEC-2(2)

COURSE NAME- UNISH-BISH SHATAKER NATAK

COURSE CODE- BAPBNGDSE601

| COURSE TYPE-DSE | Course Details- DSEC-2 (2) | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## ।। সেমেস্টার -৬।।

### DSEC-2 (2)

### উনিশ-বিশ শতকের নাটক

### UNISH-BISH SHATAKER NATAK

এই পর্বে শিক্ষার্থীরা ঊনবিংশ ও বিংশ শতাব্দীর নাটকের উদ্ভব ও ইতিহাস সম্পর্কে জানতে পারবে। বাংলার মৌলিক নাটকের সূত্রপাত হয়েছিল উনিশ শতকে। বিশ শতকে সাহিত্যের এই জনপ্রিয় শাখাটি সমৃদ্ধির উচ্চশিখরে পৌঁছায়। নাটকের সংজ্ঞা, বৈশিষ্ট্য, বিভিন্ন শ্রেণীর নাটক, নাট্যতত্ত্ব, রঙ্গমঞ্চ, নাট্যাভিনয় এবং পাশ্চাত্য নাটকের ধারা ইত্যাদি সম্পর্কে বিস্তৃত জ্ঞান লাভ করবে শিক্ষার্থীরা। পৌরাণিক, সামাজিক, ঐতিহাসিক নাটক ও প্রহসন সম্পর্কে জানতে পারবে নাটকের ধারাবাহিক ইতিহাস চর্চায়। উনিশ শতকের বাংলা নাটক একই সঙ্গে সামাজিক এবং ঐতিহাসিক দলিল। অন্যদিকে বিশ শতকের বাংলা নাটক বিষয়বৈচিত্র্য, আধুনিকতা, ঘটনা পরম্পরা বিভিন্ন মতাদর্শ, রাজনৈতিক প্রেক্ষাপট ইত্যাদি নিয়ে খুবই সমৃদ্ধ। বিশেষ বিশেষ আঙ্গিকে বৈচিত্র্য সম্পাদন করেছে বিশ শতকের বাংলা নাটক। ছাত্র ছাত্রীরা এই কোর্সে বিশ শতকের নাট্যকার ও নাট্যভাবনা সম্বন্ধে অবহিত হবে। বিশ শতকের তত্ত্বমূলক-রূপক-প্রতীক নাটক, বাস্তববাদ, সামাজিক ও রাজনৈতিক আন্দোলনের প্রেক্ষিত ও বিপ্লব-বিদ্রোহের কথা জানবে বিশ শতকের নাট্য চর্চার মাধ্যমে। দুই বিশ্বযুদ্ধ ও নাটকে প্রতিফলিত সেই যুদ্ধকালীন প্রভাব-প্রতিক্রিয়া, দেশভাগ, দুর্ভিক্ষ, স্বাধীনতা-উত্তর সমাজ পরিবর্তনের গতিপ্রকৃতি জানবে। মার্কসীয় সমাজতান্ত্রিক আন্দোলন, ফ্রয়েডীয় মনোবিকলন

তত্ত্বের ভিত্তিতে নাট্য বিচার করতে শিখবে। উপনিবেশ উত্তর মূল্যবোধে সাহিত্য বিশ্লেষণে সহায়ক হবে এই কোর্স। আধুনিক নাট্যশৈলী, আধুনিক নাট্য সমালোচনা এবং অভিনয়শিল্পে উৎসাহী হবে ছাত্রছাত্রীরা।

**ষষ্ঠ সেমেস্টার**

DSEC - 2(2)

**কোর্স / ১ উনিশ-বিশ শতকের নাটক-৫০**

ক. বিসর্জন – রবীন্দ্রনাথ ঠাকুর

খ. গোত্রান্তর – বিজন ভট্টাচার্য

**SEMESTER- 6TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE COURSE**
**DSEC - 2 (2)**

COURSE NAME- KALPAVIGYAN O GOYENDA KAHINI
COURSE CODE- BAPBNGDSE602

| COURSE TYPE-DSE | Course Details- DSEC-2 (2) | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

ষষ্ঠ সেমেস্টার

DSEC-2 (2)

**কল্পবিজ্ঞান ও গোয়েন্দাকাহিনি**

বাংলা সাহিত্যের বহুবিচিত্র শাখার মধ্যে অন্য দুটি জনপ্রিয় শাখা হলো কল্পবিজ্ঞান এবং গোয়েন্দা কাহিনি। সায়েন্স ফিকশন এবং ডিটেকটিভ উপন্যাস ছাত্রছাত্রীরা আগ্রহের সঙ্গে পড়ে। সাহিত্য শুধু বলে না , কি হয়; কি হতে পারে, এটাও সাহিত্যের বিষয়। বিজ্ঞানের গবেষণা পৃথিবীতে অনেক অসাধ্য সাধন করেছে। কল্পবিজ্ঞানের লেখকেরা বিজ্ঞানের মধ্যে কিছু সম্ভব অসম্ভব কল্পনা সূত্র যোগ করে বিজ্ঞানের যুক্তিবুদ্ধির মধ্যেও ইমাজিনেশন বা কখনো উদ্ভাবনী চিন্তা জাগিয়ে তুলতে চান। সত্যজিৎ রায়ের শঙ্কু কাহিনী এমন এক ধরনের কল্পবিজ্ঞান যেখানে বিজ্ঞান কল্পনা

রসে জারিত হয়ে পাঠকের মনে অনুসন্ধিৎসা সৃষ্টি করে। শিক্ষার্থীদের মধ্যে এই কৌতুহল জাগিয়ে তোলা এবং কলা বিভাগের ছাত্র ছাত্রীদের মধ্যে বিজ্ঞানের অনুষঙ্গ কল্পনা রসে জীবন্ত করে তোলাই এই কোর্সের লক্ষ্য।
অন্যদিকে গোয়েন্দা কাহিনী সব শ্রেণীর মানুষকে বহুকাল থেকে আকৃষ্ট করে আসছে। স্যার আর্থার কোনান ডয়েল, আলফ্রেড হিচকক, বাংলায় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, সত্যজিৎ রায়, নীহাররঞ্জন গুপ্ত, অদ্রীশ বর্ধন, প্রেমেন্দ্র মিত্র, হেমেন্দ্রকুমার রায় প্রমুখ লেখকদের ধারাবাহিক গোয়েন্দা কাহিনির ইতিহাস ছাত্রছাত্রীরা জানতে পারবে। অপরাধের ধরণ, অপরাধের পিছনে কারণ, অপরাধীর মনস্তত্ত্ব, অপরাধীকে চিহ্নিত করার কৌশল ইত্যাদির জন্য তীক্ষ্ণ বুদ্ধিমত্তা, সমাজজ্ঞান, মনঃসমীক্ষণ -এই জাতীয় বৈশিষ্ট্যগুলি গোয়েন্দাদের পক্ষে একান্ত প্রয়োজন। শিক্ষার্থীরা গোয়েন্দা কাহিনীর মধ্যে দিয়ে মানব মনস্তত্ত্ব অপরাধ প্রবণতা, অপরাধের বিচার বিশ্লেষণ এবং তীক্ষ্ণ বুদ্ধি চর্চায় অপরাধীকে ধরে ফেলার শিক্ষা পেতে পারে, যা তাদের ভবিষ্যৎ প্রাত্যহিক জীবনে ও জীবিকায় সাহায্য করবে।

ষষ্ঠ সেমেস্টার

DSEC -2(2)

**কোর্স / ২ কল্পবিজ্ঞান ও গোয়েন্দাকাহিনি - ৫০**

ক. স্বয়ং প্রফেসর শঙ্কু – সত্যজিৎ রায়

খ. শজারুর কাঁটা - শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

(DSE **দুটি কোর্সের মধ্যে যে-কোনো একটি নিতে হবে।** প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০ (৪০+১০)

**SEMESTER- 6TH**
**SKILL ENHANCEMENT COURSE (SEC)**
SEC - 4
COURSE NAME- PRAYOG SHOILI
COURSE CODE- BAPBNGSE601

| COURSE TYPE-SE | Course Details- SEC-4 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## ষষ্ঠ সেমেস্টার

## SEC-4

## প্রয়োগশৈলি

## PRAYOG SHOILI

এই কোর্সের মাধ্যমে ছাত্রছাত্রীরা সৃজনশীল রচনা লিখতে শিখবে। এই পত্রে কোন অনুমোদিত বা নির্দিষ্ট বই না থাকার জন্য যে কোন বিষয়ে নিজের মত গদ্য অনুশীলন করতে পারবে এবং যেকোনো লেখা সম্পাদনা করার বিষয়ে বিস্তারিত জ্ঞান লাভ করবে। এছাড়াও গদ্যশৈলি এবং কাব্যসৌন্দর্য বিশ্লেষণে নৈপুণ্য অর্জন করবে। সম্পূর্ণ স্বাধীনভাবে নিজস্ব রুচি, আঙ্গিক, শৈলিকে তাঁর রচনায় প্রয়োগ করতে পারবে। বাংলা স্নাতক পর্যায়ে প্রয়োগ শৈলি পাঠ ও চর্চার মাধ্যমে ভবিষ্যৎ কর্মক্ষেত্রেও নানা সুবিধা হবে।

**ষষ্ঠ সেমেস্টার**

SEC - 4

**ভাষাবোধ ও রচনাশক্তির দক্ষতা বৃদ্ধির পাঠক্রম**

**কোর্স / ১ প্রয়োগশৈলি - ৫০**

ক. সৃজনশীল রচনা ও সম্পাদনা

খ. গদ্যশৈলি এবং কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ

**SEMESTER- 6TH**

**SKILL ENHANCEMENT COURSE**

SEC - 4

COURSE NAME- PRAKALPA-PATRA RACHANA O UPASTHAPANA

COURSE CODE- BAPBNGSE602

| COURSE TYPE-SE | Course Details- SEC-4 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | 20 | -- | 30 | -- |

## SEC-4

## প্রকল্পপত্র রচনা ও উপস্থাপনা

## PRAKALPA-PATRA RACHANA O UPASTHAPANA

পাঠ্যক্রম- এর এই পর্বে ছাত্র ছাত্রীরা বিভিন্ন বিষয় অবলম্বনে প্রকল্প রচনা বা Project Writing করতে শিখবে। সমাজ, সংস্কৃতি, সাহিত্য, সমসাময়িক ঘটনা ও পরিবেশের বিশ্লেষণমূলক ও গবেষণামূলক উপস্থাপনা করতে পারবে এই কোর্সের মাধ্যমে। একইসঙ্গে প্রকল্প সম্পর্কে আলোচনা প্রশ্নোত্তর পর্বে অংশ গ্রহণ করার মত দক্ষতা অর্জন করবে পত্র উপস্থাপনার (Paper Presentation) পরবর্তী পর্যায়ে। এই কোর্সটি শিক্ষার্থীদের ভবিষ্যৎ ব্যবহারিক জীবনে কার্যকরী ভূমিকা নেবে।

SEC - 4

**প্রকল্পপত্র রচনা ও উপস্থাপনা**

এই কোর্সটি সম্পূর্ণ প্র্যাকটিক্যাল। অর্থাৎ বিশ্ববিদ্যালয় থেকে এই পত্রের কোন লিখিত পরীক্ষা নেওয়া হবে না। সাহিত্য , সমাজ , সংস্কৃতি ,সমসাময়িক যুগপরিবেশ , ঘটনা ইত্যাদি বিষয়ে দুটি প্রকল্প বা Project জমা দিতে হবে নিজ নিজ কলেজের বাংলা বিভাগে। ১৫ নম্বরের দুটি প্রকল্পের বিষয় স্থির করে দেবেন কলেজের বাংলা বিভাগের সংশ্লিষ্ট অধ্যাপক। ৪টি বিষয় নির্দিষ্ট করবেন তিনি, তার মধ্যে যেকোনো দুটি প্রকল্প পত্র লিখতে হবে। এর জন্য ৩০

নাম্বার থাকবে। আর বাকি ২০ নাম্বারের মধ্যে ১০ নাম্বার থাকবে প্রকল্পপত্র উপস্থাপনার (Paper Presentation) জন্য। আর ১০ নাম্বার থাকবে প্রকল্পপত্র সংক্রান্ত প্রশ্নত্তোরের জন্য। [৩০+১০+১০=৫০] । কোর্সটি শিক্ষার্থীদের ব্যবহারিক জীবনে লাভ দায়ক হবে।

ক) প্রকল্পপত্র রচনা (Peoject Writing) - ২টি ১৫+১৫=৩০

খ) উপস্থাপনা (Paper Presentation) -১০ + প্রশ্ন- উত্তর -১০ = ২০

- সমগ্র পরীক্ষাটি কলেজের বাংলা বিভাগের ব্যবস্থাপনায় সম্পন্ন হবে।

ষষ্ঠ সেমেস্টার

SEC - 4

কোর্স / ২ প্রকল্পপত্র রচনা ও উপস্থাপনা - ৫০

ক. প্রকল্পপত্র রচনা (Peoject Writing)
খ. উপস্থাপনা (Paper Presentation)

(এই দুটি কোর্সের মধ্যে যে কোন একটি কোর্স নিতে হবে । প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০)

**SEMESTER- 6TH**
Interdiciplinary / Generic Elective (GE)
GEC-2
COURSE NAME- BANGLA SHISHU-SAHITYA
COURSE CODE- BAPBNGGE601

| COURSE TYPE-GE | Course Details- GEC-2 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**ষষ্ঠ সেমেস্টার**

GEC-2

**বাংলা শিশু-সাহিত্য**

**BANGLA SHISHU-SAHITYA**

বাংলা শিশুসাহিত্য গড়ে উঠেছে রূপকথা, উপকথা, ঈশপের গল্প, কল্পকাহিনী, জাতকের গল্প, পঞ্চতন্ত্রের গল্প ইত্যাদিকে অবলম্বন করে। রবীন্দ্রনাথ থেকে দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, সুকুমার রায়, লীলা মজুমদার, সত্যজিৎ রায় বাংলা আধুনিক শিশু সাহিত্যের ধারাকে পরিপুষ্ট ও সমৃদ্ধ করেছে। শিক্ষার্থীরা শিশু মনস্তত্ত্ব ও শৈশবের নানা খেয়াল-খুশি, শৈশবের রামধনু এবং কল্পনাময় অন্য ভুবনের স্বাদ পাবে এই পর্যায়ে। শিশুসাহিত্যের ধারাবাহিক ইতিহাস, বৈশিষ্ট্য, বিশিষ্ট গদ্যশৈলী সম্পর্কে ছাত্রছাত্রীরা সম্যক ধারণা পাবে। বাস্তবতার কঠিন তিক্ততা ও যন্ত্রণা থেকে শিশুদের কল্পজগত অনেক দূরে। তাদের অমল, নিষ্কলুষ মন ফুটে উঠেছে খ্যাতনামা শিশু সাহিত্যিকদের রচনায়। ছাত্রছাত্রীরা তার পরিচয় পাবে, আর নিজেদের বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে পরিণত মনস্কতার পাশাপাশি শিশুমনটিও বিরুদ্ধ পরিবেশের মধ্যে বাঁচিয়ে রাখার প্রেরণা পাবে এই কোর্সে।

## ষষ্ঠ সেমেস্টার

## GEC - 2

**কোর্স / ১ বাংলা শিশু-সাহিত্য - ৫০**

ক. আবোল তাবোল – সুকুমার রায়
হলদে পাখির পালক – লীলা মজুমদার

খ. গুপী গায়েন ও বাঘা গায়েন – উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
বুড়ো আংলা – অবনীন্দ্রনাথ ঠাকুর

**SEMESTER- 6TH**

Generic Elective Course (GE)
GEC -2
COURSE NAME- BANGLA GADYA-SAHITYA
COURSE CODE- BAPBNGGE602

| COURSE TYPE-GE | Course Details- GEC-2 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## ষষ্ঠ সেমেস্টার

## GEC-2

## বাংলা গদ্যসাহিত্য

## BANGLA GADYA-SAHITYA

পাঠক্রম - এর এই পর্বে বাংলা প্রোগ্রামের ছাত্রছাত্রীরা বাংলা গদ্য সাহিত্যের সমৃদ্ধশালী শাখাটি সম্পর্কে জ্ঞানলাভ করবে। গদ্য সাহিত্যের ইতিহাস ও উদ্ভব-ক্রমবিকাশ সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকের গদ্য সাহিত্যের পর্ব পেরিয়ে বিশ শতকে এসে গদ্য সাহিত্য কি রূপ পেয়েছে তার পরিচয় পাবে। এই কোর্সে প্রখ্যাত গদ্য রচনাকার

অবনীন্দ্রনাথ ঠাকুর এবং সৈয়দ মুজতবা আলীর গদ্য রচনাশৈলীর বিস্তৃত পরিচয় পাবে। গদ্যশৈলী চর্চার সঙ্গে সঙ্গে গল্প রম্যরচনার প্রতিও আগ্রহ গড়ে উঠবে। ছাত্রছাত্রীদের মধ্যে প্রসাদগুণ বিশিষ্ট প্রসন্ন গদ্য রচনার প্রবণতা বৃদ্ধি পাবে।

**ষষ্ঠ সেমেস্টার**

GEC - 2

**কোর্স / ২ (GE - 2) বাংলা গদ্যসাহিত্য -৫০**

ক. ছিন্নপত্র – রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত)

২০, ৩০, ৩৬, ৪৩, ৬৪, ৬৭ সংখ্যক পত্র।

খ. চাচা কাহিনী – সৈয়দ মুজতবা আলী (নির্বাচিত)

স্বয়ংবরা, মা-জননী, কর্নেল, পুনশ্চ, বেঁচে থাকো সর্দি কাশি।

**(দুটি কোর্সের মধ্যে যে-কোনো একটি নিতে হবে।** প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০ (৪০+১০)